ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স- ১৮৬১
আগরতলা, ২২ জুলাই, ২০২৫

**শপথ নিলেন ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি এম এস আর রামচন্দ্র রাও**



রাজভবনের দরবার হলে আজ ত্রিপুরা হাইকোর্টের নব নিযুক্ত প্রধান বিচারপতি শপথ গ্রহণ করেছেন। রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু জাস্টিস মামিদানা সত্য রত্ন রামচন্দ্র রাও-কে ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ বাক্য পাঠ করান। আজকের এই শপথ গ্রহণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা, কৃষিমন্ত্রী রতন লাল নাথ, পর্যটন ও খাদ্য দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, বিধানসভার ডেপুটি স্পীকার রাম প্রসাদ পাল, হাইকোর্টের বিচারপতি জাস্টিস টি অমর নাথ গৌড়, জাস্টিস এস ডি পুরকায়স্থ, জাস্টিস বিশ্বজিৎ পালিত, এডভোকেট জেনারেল শক্তিময় চক্রবর্তী, মুখ্যসচিব জে কে সিনহা, ডিজিপি অনুরাগ ও প্রশাসনের উচ্চ পদস্থ আধিকারিকগণ এবং প্রধান বিচারপতির স্ত্রী ও আত্মীয় পরিজনগণ।

*****

Dp.D